# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৫৭১

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

### আরবী

وَعَن عَامر الرام قَالَ: ذَكَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْأَسْقَامَ فَقَالَ: «إِنَّ الْمُؤْمِنَ إِذَا أَصَابَهُ السقم ثمَّ أَعْفَاهُ الله مِنْهُ كَانَ كَفَّارَةً لِمَا مَضَى مِنْ ذُنُوبِهِ وَمَوْعِظَةً لَهُ فِيمَا يَسْتَقْبِلُ. وَإِنَّ الْمُنَافِقَ إِذَا مرض ثمَّ أعفي كَانَ كالبعير عَقَلَهُ أَهْلُهُ ثُمَّ أَرْسَلُوهُ فَلَمْ يَدْرِ لِمَ عقلوه وَلم يدر لم أَرْسَلُوهُ» . فَقَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ وَمَا الْأَسْقَامُ؟ وَاللَّهِ مَا مَرِضْتُ قَطُّ فَقَالَ: «قُمْ عَنَّا فلست منا» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১৫৭১-[৪৯] ’আমির আর্ র-ম (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন অসুখ-বিসুখ প্রসঙ্গে বললেন, মু’মিনের অসুখ হলে পরিশেষে আল্লাহ তাকে আরোগ্য করেন। এ অসুখ তার জীবনের অতীত গুনাহের কাফফারাহ্। আর ভবিষ্যতের জন্য শিক্ষা। কিন্তু মুনাফিক্বের অসুখ-বিসুখ হলে তাকেও আরোগ্যদান করা হয়, সেই উটের মতো যাতে মালিক বেঁধে রেখেছিল তারপর ছেড়ে দিলো। সে বুঝল না কেন তাকে বেঁধে রেখেছিল। আর কেনইবা ছেড়ে দিলো। এ সময় এক ব্যক্তি বলে উঠল, হে আল্লাহর রসূল! অসুখ-বিসুখ আবার কী? আল্লাহর শপথ আমার কোন সময় অসুখ হয়নি। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমাদের কাছ থেকে সরে যাও। তুমি আমাদের মধ্যে গণ্য নও। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩০৮৯, শু‘আবুল ঈমান ৬৭২৮, য‘ঈফ আত্ তারগীব ১৯৯৯, সহীহ আল জামি‘ ১৭৬৭, শারহুস্ সুন্নাহ্ ১৪৪০। শায়খ আলবানী (রহঃ) বলেন, এর সানাদে শামের (সিরিয়ার) অধিবাসী আবুল মানযূর রয়েছে যিনি একজন দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَمَوْعِظَةً لَهُ فِيمَا يَسْتَقْبِلُ) এবং ভবিষ্যতের জন্য শিক্ষার বস্তু হয়।

ত্বীবী বলেনঃ মু’মিন ব্যক্তি যখন অসুস্থ হয় এবং আরোগ্য লাভ করে তখন সে সতর্ক হয় এবং জানতে পারে যে, তার রোগ মূলত অতীতের গুনাহের কারণে হয়েছে, ফলে সে অনুতপ্ত হয় এবং ভবিষ্যতে সে পাপ কাজে আর অগ্রসর হয় না তখন এটা তার জন্য কাফফারাহ্। আর মুনাফিক্ব সে উপদেশ গ্রহণ করে না তার জন্য যা অর্জিত হয় আর সে সজাগ হয় না তার উদাসীনতা হতে এবং সে তাওবাও করে না। সুতরাং তার রোগ কোন উপকারে আসে না যা অতীতে হয়েছে এবং ভবিষ্যতে আসবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56131

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন